



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম  
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং: মাউশি/সেসিপ-SPSU/RTP/৩-২৭/২০১৮/


তারিখ: ০৯/০৫/২০২২ খ্রি.

বিষয়: চাকুরী হতে ইস্তফা প্রদানকারী রিসোর্স টিচার (আরটি) গণের বকেয়া বেতন বরাদ্দের চাহিদা ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ।

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় ০৩ (তিন)টি বিষয়ে (ইংরেজি, গণিত, বিজ্ঞান) কর্মরত রিসোর্স টিচার (আরটি) গণের মধ্যে বেশ কিছু সংখ্যক শিক্ষক অন্যত্র ভালো চাকুরী পাওয়ায় সাম্প্রতিক এ চাকুরী থেকে ইস্তফা প্রদান করেছেন। ইস্তফা প্রদানকারী শিক্ষক বিচ্ছিন্নভাবে বকেয়া বেতন বরাদ্দ প্রাপ্তির জন্য সেসিপের এসপিএসইউ-তে যোগাযোগ করলেও নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্যের অভাবে উক্ত রিসোর্স টিচার (আরটি) গণের বকেয়া বেতন বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে না :

- (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে ডকেটকৃত পদত্যাগ পত্রের কপি ;
- (খ) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়নপত্র ;
- (গ) মাসিক কর্মসম্পাদন প্রতিবেদন ও দৈনিক শিক্ষক হাজিরা এর ফটোকপি (দাবীকৃত বকেয়া বেতন সময়ের);
- (ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক বকেয়া বেতন এর হিসাবসহ অগ্রায়ন পত্র।

এমতাবস্থায়, তাঁর আওতাধীন ইতোমধ্যে ইস্তফা প্রদানকারী রিসোর্স টিচারগণের বকেয়া বেতন পরিশোধের নিমিত্ত বকেয়া বেতনের চাহিদা ও বর্ণিত কাগজপত্রসহ পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ২৫/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে সেক্টর প্রোগ্রাম সাপোর্ট ইউনিট (এসপিএসইউ), সেসিপ, শিক্ষা ভবন বরাবর ডাকযোগে প্রেরণ এর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: আতাউর রহমান) ২২

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ( সংশ্লিষ্ট সকল)

.....উপজেলা,  
.....জেলা।

সহকারী পরিচালক (ইকুইটি)

ফোনঃ ০২-২২৩৩৫৩৮৯৯

অনুলিপি:

১. প্রোগ্রাম পরিচালক- সেসিপ ও মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন ঢাকা;
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
৩. জেলা শিক্ষা অফিসার, (সকল)।
৪. সংরক্ষণ নথি।